

নং ১৭.০২.০০০০.০০০.৩৬.১০১.২৩- ৫৫০

তারিখঃ ১ অগ্রহায়ণ ১৪৩০  
১৬ নভেম্বর ২০২৩

**পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সময়সূচী প্রকাশ করেছেন। উক্ত সময়সূচী অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে পোস্টাল ব্যালট-এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

০২। পোস্টাল ব্যালটে ভোটদান: গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে:

ক. ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ:

খ. কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন:

গ. বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

০৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন: ভোটদানের জন্য উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

০৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করিবার পর ব্যালট পেপারটি রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, নারায়ণগঞ্জ জেলার ০৫টি সংসদীয় আসনের [২০৪ নারায়ণগঞ্জ-১, ২০৫ নারায়ণগঞ্জ-২, ২০৬ নারায়ণগঞ্জ-৩, ২০৭ নারায়ণগঞ্জ-৪, ২০৮ নারায়ণগঞ্জ-৫] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ পূর্বক আগামী ৩০ নভেম্বর ২০২৩ খ্রি.তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করতে পারবেন।

  
(মোহাম্মদ মাহমুদুল হক)

জেলা প্রশাসক  
নারায়ণগঞ্জ

ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন


তারিখ ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

নং ১৭.০২.০০০০.০০০.৩৬.১০১.২৩- ৫৫ন

তারিখঃ

১ অগ্রহায়ণ ১৪৩০  
১৬ নভেম্বর ২০২৩

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক(গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, আগারগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা।
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
৬. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৭. উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার।
৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার।
৯. জেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ।
১০. উপজেলা নির্বাহী অফিসার, (সকল), নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার।
১১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নারায়ণগঞ্জ।
১২. জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ (গণ-বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।
১৩. উপজেলা নির্বাচন অফিসার, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার।
১৪. উপজেলা নির্বাচন অফিসার, (সকল), নারায়ণগঞ্জ।
১৫. অফিসার-ইন-চার্জ, মডেল থানা/থানা (সকল), নারায়ণগঞ্জ।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, নারায়ণগঞ্জ/রূপগঞ্জ/আড়াইহাজার/সোনারগাঁ/নারায়ণগঞ্জ সদর/বন্দর প্রেস ক্লাব, নারায়ণগঞ্জ।

  
জেলা প্রশাসক  
নারায়ণগঞ্জ